# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**12-04-2026** **Time: 7.35 AM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে বিধানসভা নির্বাচনে প্রচারাভিযান তুঙ্গে। রাজ্যে ক্ষমতায় এলে সিএএ-র মাধ্যমে বিজেপি, মতুয়াদের দ্রুত নাগরিকত্ব দেওয়ার কাজ করবে বলে আশ্বাস শীর্ষ স্থানীয় বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর। আজ শিলিগুড়ির কাওয়াখালি ময়দানে জনসভা করবেন তিনি।

২) এনআরসি-র মাধ্যমে বিজেপি বাংলা ভাগের চক্রান্ত করছে বলে অভিযোগ করেছেন তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। আজ পূর্ব ও পশ্চিম বর্ধমান ও বাঁকুড়া জেলায় একাধিক জনসভার কর্মসূচি রয়েছে তাঁর

৩) বিধানসভা ভোটের প্রাক্কালে নির্বাচনী প্রস্তুতি খতিয়ে দেখতে আগামীকাল রাজ্যে আসছেন ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী।

৪) পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামে সমবায় ভোটকে কেন্দ্র করে হিংসা ও বিস্ফোরণের তদন্তে এনআইএ, তৃণমূল কংগ্রেসের ৪৩ জন নেতাকর্মীকে জিজ্ঞাসবাদের জন্য ডেকে পাঠিয়েছে।

৫) আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল গতকাল চেন্নাইয়ান এফসি-কে হারিয়ে দিয়েছে।

-----------------------------------------------------------------------------------------

রাজ্যে বিধানসভা নির্বাচনে প্রচারাভিযান তুঙ্গে। বিভিন্ন রাজনৈতিক দলের শীর্ষ নেতৃত্ব রাজ্যের নানা প্রান্তে জনসভা, রোড শো-তে অংশ নিচ্ছেন।

বর্ষীয়ান বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকালে শিলিগুড়ির কাওয়াখালিতে একটি জনসভায় বক্তব্য রাখবেন। গতকাল পূর্ব বর্ধমানের কাটোয়া, মুর্শিদাবাদের জঙ্গিপুর এবং দক্ষিণ দিনাজপুরের কুশমণ্ডিতে তিনটি জনসভায় বক্তব্য রাখেন শ্রী মোদী। পশ্চিমবঙ্গে বিজেপির সরকার ক্ষমতায় এলে দুর্নীতি মুক্ত ও স্বচ্ছ প্রশাসনের ব্যবস্থা করা হবে বলে তিনি জানিয়েছেন। শ্রী মোদী বলেন, মতুয়াদের নাগরিকত্ব দেওয়ার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার সচেষ্ট। সেই কারণেই CAA আনা হয়েছে। রাজ্যে ক্ষমতায় এলে CAA-র মাধ্যমে নাগরিকত্ব দেওয়ার কাজ আরও গতি পাবে।

বাইট-মোদী(CAA)

স্বচ্ছতার সঙ্গে জঙ্গিপুরের জনসভায় প্রধানমন্ত্রী বলেন, অভিন্ন দেওয়ানি বিধি বলবত করে সবাইকে সমানাধিকার দেওয়ার পাশাপাশি ধর্মীয় তোষণ শেষ করা হবে। তিনি বলেন, সন্দেশখালি থেকে আর জি কর, সবসময় নির্যাতনকারীদের পাশে দাঁড়িয়েছে

তৃণমূল কংগ্রেস। SSC দুর্নীতি সহ নানা ক্ষেত্রে তৃণমূল সরকারের ব্যর্থতার প্রসঙ্গও তুলে ধরে তিনি বলেন, চৌঠা মে-র পর এ রাজ্যে এমন এক সরকার প্রতিষ্ঠিত হবে যাদের হাত ধরে বাংলায় আসল পরিবর্তন ঘটবে।

বাইট

জনতার অধিকার হরণকারীদের জেলে পাঠানো হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন প্রধানমন্ত্রী। গতসন্ধ্যায় শিলিগুড়ির বিহার মোড় থেকে স্টেশন মোড় পর্যন্ত একটি রোড শো-তে অংশগ্রহণ করেন তিনি।

অন্যদিকে, বাঁকুড়ার ওন্দার রামসাগর এবং ছাতনার কমলপুরে দুটি জনসভায় ভাষণ দিয়েছেন বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। শ্রী শাহ অভিযোগ করেন, কেন্দ্রীয় সরকার হাজার হাজার কোটি টাকা এরাজ্যের উন্নয়নের জন্য পাঠালেও সব টাকা সিন্ডিকেটের পকেটে গেছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর প্রতি মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর আচরণের তীব্র সমালোচনা করে শ্রী শাহ বলেন, ক্ষমতায় এলে বিজেপি আদিবাসীদের প্রকৃত উন্নয়ন করবে। স্বচ্ছতার সঙ্গে নিয়োগ হবে বলেও জানান তিনি।

উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ আজ রাজ্যে তিনটি জনসভা করবেন।

এদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী পশ্চিম মেদিনীপুরের কেশিয়াড়ি, ঝাড়গ্রাম সদর, গোপিবল্লভপুর এবং বাঁকুড়ার বড়জোড়ায় গতকাল জনসভা করেন। তিনি বলেন, বিজেপি সরকারের আমলে বিভিন্ন রাজ্যে বাংলা ভাষাভাষীদের ওপর আক্রমণ চলছে। বিজেপি NRC চালু করে বাংলা ভাগের চক্রান্ত করছে। অভিন্ন দেওয়ানি বিধি চালু করার নামে তারা ধর্মীয় বিভাজন করতে চাইছে বলে মুখ্যমন্ত্রী মন্তব্য করেন।

বাইট–মমতা

মুখ্যমন্ত্রী বলেন, আদিবাসীদের সারি-সারনা ধর্মকে উপযুক্ত মর্যাদা দেবে তৃণমূল কংগ্রেস। এরপর মুখ্যমন্ত্রী বাঁকুড়ার বড়জোড়ায় জনসভা করেন। নির্বাচনের সময় বিজেপি অন্য রাজ্য থেকে লোক নিয়ে আসবে আশঙ্কা প্রকাশ করেন তিনি। বিভিন্ন প্রকল্পের মাধ্যমে তৃণমূল সরকার রাজ্যের করছে বলেও মুখ্যমন্ত্রী জানান –

বাইট

তিনি আজ পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান ও বাঁকুড়া জেলার বিভিন্ন জায়গায় জনসভা করবেন।

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী আজ হুগলির ডানলপ কারখানা মাঠে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা করবেন। গতকাল তিনি বীরভূম জেলার

সাঁইথিয়ায় একটি জনসভায় অংশ নেন। এর পর পূর্ব বর্ধমানের মেমারিতে একটি রোড শো-তেও অংশ নিয়েছেন অভিষেক।

উত্তরপাড়ায় বাড়ি বাড়ি প্রচারে অংশ নেন সিপিআইএম প্রার্থী মীনাক্ষী মুখোপাধ্যায়। বাঁকুড়ার সোনামুখীতে দলীয় প্রার্থীর সমর্থনে সিপিআইএম নেতা সৃজন ভট্টাচার্য একটি জনসভায় বক্তব্য রাখেন।

কংগ্রেস প্রার্থীরাও গতকাল নিজ নিজ কেন্দ্রে রোড শো, বাড়ি বাড়ি প্রচার করেন।

---------------------------

ঝাড়গ্রাম শহরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর জনসভায় যোগ দিতে গিয়ে বেশ কয়েকজন তৃণমূল কংগ্রেস সমর্থক গুরুতর অসুস্থ হয়ে পড়েন। জানা গেছে, শিমুলডাঙ্গা গ্রামের কিছু সমর্থককে একটি বাসে করে এই সমাবেশে যোগদানের জন্য নিয়ে আসা হয়। গরমের কারণে তাঁদের তরল পানীয় খেতে দেওয়া হয়েছিল। তাই খেয়েই তাঁরা অসুস্থ হয়ে পড়েন বলে গ্রামবাসীদের অনুমান। প্রায় ১৭ জনকে অসুস্থ অবস্থায় ঝাড়গ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। অসুস্থরা সবাই লোধা সম্প্রদায়ভুক্ত বলে জানা গেছে।

---------------------------

বিধানসভা ভোটের প্রাক্কালে রাজ্যের নির্বাচনী প্রস্তুতি খতিয়ে দেখতে তিনদিনের সফরে আগামীকাল রাজ্যে আসছেন সিনিয়র ডেপুটি নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতী। তাঁর সঙ্গে থাকছেন কমিশনের আরও দুই শীর্ষ আধিকারিক অভিনব আগরওয়াল ও এসবি জোশি। কমিশনের নির্ধারিত সূচি অনুযায়ী, সোমবার দিল্লি থেকে প্রথমে অন্ডাল বিমানবন্দরে পৌঁছবেন তাঁরা। সেখান থেকে সড়কপথে পশ্চিম বর্ধমান জেলায় গিয়ে দিনভর প্রশাসনিক পর্যালোচনা করবেন। মঙ্গলবার পূর্ব বর্ধমান ও হুগলি জেলার পরিস্থিতি খতিয়ে দেখবেন কমিশনের প্রতিনিধি দল। বুধবার সকালে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে একটি জরুরি বৈঠক করবেন তাঁরা। সেখানে জেলার রিপোর্ট, আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং নির্বাচনী প্রস্তুতি নিয়ে বিস্তারিত আলোচনা হওয়ার কথা।

---------------------------

দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়ে আইএসএফ নেতা নওশাদ সিদ্দিকী-র গাড়িতে হামলার অভিযোগকে ঘিরে উত্তেজনা ছড়িয়েছে। গতসন্ধ্যায় ভাঙড় দু'নম্বর ব্লকের চড়িস্বর এলাকায় সভা চলাকালীন তাঁর গাড়ির উপর ইট ছোড়া হয় বলে অভিযোগ। এতে গাড়ির পেছনের অংশ ক্ষতিগ্রস্ত হয়। এরপরই ISF কর্মী-সমর্থকরা বিভিন্ন জায়গায় রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখান। তৃণমূল কংগ্রেস- এই হামলার পেছনে রয়েছে বলে

অভিযোগ তুলেছেন নওশাদ। ঘটনাস্থলে বিশাল পুলিশ বাহিনী মোতায়েন রয়েছে তবে এখনও কাউকে গ্রেফতার করা যায়নি।

---------------------------

পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামে সমবায় ভোটকে কেন্দ্র করে হিংসা ও বিস্ফোরণের ঘটনার তদন্তে জাতীয় তদন্তাকারী সংস্থা - এনআইএ, তৃণমূল কংগ্রেসের ৪৩ জন নেতাকর্মীকে জিজ্ঞাসবাদের জন্য ডেকে পাঠিয়েছে। আগামী ১৭ ই এপ্রিল তাদের এনআইএ-র সদর দপ্তরে হাজিরা দিতে বলা হয়েছে।

উল্লেখ্য, ২০২৪-এর ৮ই ডিসেম্বর নন্দীগ্রাম এক নম্বর ব্লকের কাঞ্চননগরে সমবায় ভোট চলাকালীন তৃণমূল কংগ্রেস ও বিজেপি কর্মী সমর্থকদের মধ্যে বচসা হয়। বোমাবাজিরও অভিযোগ ওঠে। এই ঘটনায় আদালতের নির্দেশে, এনআইএ তদন্তভার হাতে নেয়। উঠে আসে তৃণমূল কংগ্রেসের নেতা শেখ সুফিয়ান, আবু তাহের, শঙ্কু নায়েক সহ মোট ৪৩ জনের নাম। এদের প্রত্যেককে হাজিরার নোটিশ দেওয়া হয়েছে।

এদিকে নির্বাচনের আগে এনআইএ-র তলব নিয়ে সরব হয়েছে তৃণমূল কংগ্রেস।

---------------------------

কলকাতার গার্ডেনরিচ থানা এলাকায় নাকা চেকিং চলাকালীন একটি গাড়ি থেকে নগদ চার লক্ষ ১০ হাজার টাকা বাজেয়াপ্ত হয়েছে। সন্তোষপুর রোড ও তারাতলা রোডের সংযোগস্থলে ঐ গাড়িটিকে আটক করা হয়। টাকার কোনো হিসাবে না মেলায় সেটি বাজেয়াপ্ত করা হয়েছে।

এদিকে, ডায়মন্ড হারবার রোডে জোকা ট্রামডিপোর কাছে একটি গাড়ি থেকে ৫ লক্ষ টাকা নগদ উদ্ধার হয়েছে। গাড়িতে থাকা পাঁচ আরোহী ঐ টাকার উৎস সম্পর্কে সন্তোষজনক জবাব দিতে না পারায় তা বাজেয়াপ্ত করা হয়।

----------------------------

বাঁকুড়ায় সংগ্রামী যৌথ মঞ্চের নেতা অরিন্দম মন্ডলকে ব্যাপক মারধরের ঘটনায় গতকাল দুজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। যদিও মূল অভিযুক্ত এখনও পলাতক।

শহরের স্কুলডাঙ্গা এলাকায় গত শুক্রবার জনা ৫০ দুষ্কৃতী তাকে মারধর করে। গুরুতর আহত অবস্থায় তিনি হাসপাতালে চিকিৎসাধীন।

----------------------------

পূর্ব রেলের হাওড়া ডিভিশনের বিভিন্ন সেকশনে রক্ষণাবেক্ষণ কাজের জন্য আজ ট্রেন চলাচলে নিয়ন্ত্রণ করা হচ্ছে। এই কারণে হাওড়া থেকে ১৭, বর্ধমান থেকে

৮, ব্যান্ডেল থেকে ৬, কাটোয়া থেকে ৩, মেমারি, চন্দনপুর, আসানসোল ও আজিমগঞ্জ থেকে দুটি করে ট্রেন বাতিল থাকছে। Bokaro Steel City - বর্ধমান MEMU -র যাত্রা পথ সংক্ষিপ্ত করা হবে বলে রেল সূত্রের খবর।

---------------------------

আইএসএল ফুটবলে গতকাল চেন্নাইয়ের জওহরলাল নেহেরু ষ্টেডিয়ামে ইস্টবেঙ্গল ৩-১ গোলে চেন্নাইয়িন এফ সি, কে হারিয়ে দিয়েছে। ইস্টবেঙ্গলের পক্ষে এডমুন্ড লালরিনডিকা , বিপিন সিং, নন্দ কুমার গোল করেছেন। চেন্নাই দলের পক্ষে একমাত্র গোলটি করেছেন ইয়াদুয়া।

ইস্টবেঙ্গল সাত ম্যাচে ১৪ পয়েন্ট নিয়ে লিগ তালিকার তৃতীয় স্থানে উঠে এসেছে। সমসংখ্যক ম্যাচে মোহনবাগানের একই পয়েন্ট থাকলেও গোল পার্থক্যে তিনে পৌঁছেছে ইস্টবেঙ্গল।

বেঙ্গালুরুর কান্তিরাভা ষ্টেডিয়ামে গতকাল অন্য ম্যাচে কেরালা ব্লাস্টার্স ২-১ গোলে বেঙ্গালুরু এফ সি কে হারিয়ে দিয়েছে।

আজ মোহনবাগান সুপার জায়ান্ট পাঞ্জাব এফ সি'র এবং মহামেডান স্পোর্টিং ইন্টার কাশির মুখোমুখি হবে।

-------------------------- --------------------------